

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১(প্রশাসন)
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.lrb.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

নং ৩১.০২.০০০০.০১১.০৬.০০১.১৫.২৫৮

তারিখ : ০৫ চৈত্র ১৪২১
১৯ মার্চ, ২০১৫

ভূমি সংস্কার বোর্ডের নিয়োগবিধি ও সরকারের প্রচলিত সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসরণপূর্বক ভূমি সংস্কার বোর্ডের নিয়ন্ত্রণাধীন বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর এর নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	সর্বোচ্চ বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ- ৪৭০০-৯৭৪৫/-	১টি	১৮ হতে ৩০	(১) উচ্চ মাধ্যমিক পাশ (২) এম.এস ওয়ার্ড ও এক্সেল পারদর্শী (৩) বাংলা টাইপের গতি সর্বনিম্ন ২০ শব্দ প্রতি মিনিট (৪) ইংরেজী টাইপের গতি সর্বনিম্ন ২০ শব্দ প্রতি মিনিট	বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, ঝালকাঠি, বরগুনা, ভোলা, ঠাকুরগাঁও, সিরাজগঞ্জ, বগুড়া, নাটোর, নওগাঁ, রাজশাহী, মাগুরা, খুলনা, ফেনী, নোয়াখালী, চাঁদপুর, কুমিল্লা, ময়মনসিংহ, টাংগাইল, কিশোরগঞ্জ, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, গাজীপুর ও ঢাকা জেলার প্রার্থীদের আবেদনের প্রয়োজন নেই।

শর্তাবলী :

- সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বরাবর বর্ণিত ফরমে আবেদন করতে হবে (নির্ধারিত ফরম বোর্ডের ওয়েবসাইট www.lrb.gov.bd পাওয়া যাবে)।
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :
 - সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি (প্রসংশা পত্র/মার্কসীট গ্রহণযোগ্য নয়)
 - চারিত্রিক সনদ পত্র (১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।
 - নাগরিক সনদ পত্রের সত্যায়িত কপি (ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত)।
 - অভিজ্ঞতার সনদ পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)
 - মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও তাঁদের পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।
 - মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও তাঁদের পোষ্যদের প্রার্থীদের ক্ষেত্রে প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও তাঁদের পোষ্য এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।
 - এতিম খানার নিবাসী শারীরিক প্রতিবন্ধি, উপজাতীয় এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষার সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেটের সত্যায়িত কপি।
 - সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি, ভূমি সংস্কার বোর্ড এর অনুকূলে ১-৪৬০৭-০০০০-২৬৮১ কোড নম্বরে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা (অফেরত যোগ্য ট্রেজারী চালানের (সোনালী ব্যাংকের) মূল কপি (ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার/পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।
 - সম্প্রতি তোলা ৪ (চার) কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
 - প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখপূর্বক ১০/- (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকিটযুক্ত (৯' x ৪') ইঞ্চি বিশিষ্ট পৃথক একটি খাম।
- সরকারী বিধি-বিধান অনুযায়ী জেলা কোটা সংরক্ষিত হবে।
- সরকারী/আধাসরকারীর সংস্থার চাকুরিরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন।
- নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুসরণ করা হবে।
- আবেদনপত্রের সাথে সংযুক্ত ছবি এবং অন্যান্য সনদ পত্র সত্যায়িত করার ক্ষেত্রে সত্যায়ন কর্মকর্তার (১ম শ্রেণীর গেজেটেড সরকারী কর্মকর্তা) স্বাক্ষরের নীচে নাম সহ সীল থাকতে হবে।
- কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- খামের উপরের ডানপার্শ্বে আবেদনকৃত পদের নাম, নিজ জেলার নাম ও বিশেষ কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখপূর্বক আবেদনপত্র ডাকযোগে আগামী ০৭-৪-২০১৫ তারিখে অফিস সময়ের মধ্যে পৌঁছাতে হবে। ভূমি সংস্কার বোর্ডেও সরাসরি আবেদন গ্রহণ করা হবে। নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।

(ফয়েজ আহমেদ)

সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন)

ও

সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন -৯৫৬১০১৯।